

যঙ্গে ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৮৩

১/ বিবিধ

আরবী

من فتح على نفسه بابا من السؤال فتح الله عليه سبعين بابا من الفقر
لا أصل له بهذا اللفظ

وقد أورده الغزالى في "الإحياء" (2/57) فقال مخرجه العراقي
"رواه الترمذى من حديث أبي كبشة الأنمارى
"ولا فتح عبد باب مسألة إلا فتح الله عليه باب فقر" وقال
"حسن صحيح"

قلت: هكذا أخرجه الترمذى (3/262 - 263) ، وكذا أحمد (4/231) ، وفيه يونس
ابن خباب، وهو متهם، لكن له شواهد يرقى بها إلى درجة الحسن على الأقل
فأخرجه أحمد (رقم 1674) من حديث ابن عباس ولفظه
"من فتح على نفسه باب مسألة من غير فاقة نزلت به، أو عيال لا يطيقهم فتح الله
عليه باب فاقة من حيث لا يحتسب
قال المنذري في "الترغيب" (2/3)
"رواه البيهقي، وهو حديث جيد في الشواهد"

বাংলা

১৩৮৩। যে ব্যক্তি তার নিজের জন্য চাওয়ার দরজা খুলে দিবে আল্লাহ্ তা'আলা তার উপর দরিদ্রতার সন্তুষ্টি
দরজা খুলে দিবেন।

হাদীসটির এ বাক্যে কোন ভিত্তি নেই।

গাযালী হাদীসটিকে "আলইয়াহইয়া" গ্রন্থে (২/৫৭) উল্লেখ করেছেন। তার তাখরীজকারী হাফিয় ইরাকী বলেনঃ
এটিকে তিরমিয়ী আবু কাবশাহ আলআন্দুরীর হাদীস হতে বর্ণনা করেছেনঃ

وَلَا فَتْحٌ عَبْدٌ بَابٌ مَسْأَلَةٌ إِلَّا فَتْحٌ لِلَّهِ عَلَيْهِ بَابٌ فَقْرٌ

"কোন বান্দা চাওয়ার দরজা খুলে ফেললে অবশ্যই আল্লাহ্ তাঁরালা তার দরিদ্রতার দরজা খুলে দিবেন।" (২৩২৫)
তিরমিয়ী বলেছেনঃ হাদীসটি হাসান সহীহ।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটিকে তিরমিয়ী এভাবেই বর্ণনা করেছেন। অনুরূপভাবে ইমাম আহমাদও (৪/২৩১)
বর্ণনা করেছেন। এর সনদে ইউনুস ইবনু খাবাব নামক এক বর্ণনাকারী রয়েছেন তিনি মিথ্যা বর্ণনা করার দোষে
দোষী। তবে তার শাহেদ রয়েছে এ কারণে তিরমিয়ীর এ ভাষার হাদীসটি হাসান পর্যায়ে পৌছে যায়।

ইমাম আহমাদ (১৬৭৪) হাদীসটি বর্ণনা করেছেন আব্দুর রহমান ইবনু আউফ (রাঃ) হতে, যার সনদে এক বেনামী
বর্ণনাকারী রয়েছেন। আর বাইহাকী আব্দুল্লাহ ইবনু আবাস (রাঃ) হতে বর্ণনা করেছেন যার ভাষা হচ্ছেঃ

مَنْ فَتَحَ عَلَى نَفْسِهِ بَابَ مَسْأَلَةٍ مِنْ غَيْرِ فَاقِهٍ نَزَّلَتْ بِهِ أَوْعِيَالٌ لَا يَطِيقُهُمْ فَتْحٌ لِلَّهِ عَلَيْهِ بَابٌ فَاقِهٌ مِنْ حِيثِ لَا يَحْتَسِبُ

যে ব্যক্তি তার নিজের জন্য চাওয়ার দরজা খুলে দিবে কোন প্রকার দরিদ্রতা ছাড়াই, যা তার নিজের উপর অথবা
পরিবারের উপর অবর্তীণ হয়েছে এমনভাবে যে তারা সহ্য করতে পারছে না, তাহলে আল্লাহ্ তাঁরালা তার জন্য
দরিদ্রতার দরজা এমনভাবে খুলে দিবেন যে সে তা অনুভব করতে পারবে না।

মুনয়েরী "আত-তারগীব" গ্রন্থে (২/৩) বলেনঃ হাদীসটি বাইহাকী বর্ণনা করেছেন আর এ হাদীসটি শাহেদ পাওয়া
যাওয়ার সময় ভালো।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72262>

₹ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন